কোটচাঁদপুরে ভেন্টিলেটর ভেঙ্গে দোকানে চুরি

কোটচাঁদপুরে আড়ৎতের ভেন্টিলেটর ভেঙ্গে এক ব্যবসায়ীর চাল ও নগদ টাকা চুরি হয়েছে। গতকাল বুধবার রাতে ঘটনাটি ঘটেছে পারলাটের বিদুৎ অফিসের সামনে।

ভুক্তভোগী জহুরুল ইসলাম বলেন,প্রতিদিনের ন্যায় বুধবার রাতে ব্যবসা প্রতিষ্ঠান বন্ধ করে বাড়িতে যায়। আজ বৃহস্পতিবার সকালে এসে দেখতে পায় দোকানে থাকা চাল নাই আর ড্রয়ারে রাখা টাকা ও নাই।

তিনি বলেন, টাকা আর চাল মিলে আমার ৮২ হাজার টাকা ক্ষতি সাধিত হয়েছে।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানায় অভিযোগ করা হয়েছে। জহুরুল ইসলাম উপজেলার ফুলবাড়ি গ্রামের মৃত রবিউল আওয়ালের ছেলে।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ডিউটিরত উপপরিদর্শক (এসআই) হারুন অর রশিদ বলেন, চুরির ঘটনায় এখনও পর্যন্ত কেউ কোন অভিযোগ করেনি।

আলমডাঙ্গার গার্মেন্টস পট্টিতে সাটার ভেঙে চার দোকানে চুরি

আলমডাঙ্গা পৌর শহরের গার্মেন্টস পট্টিতে এক রাতে চার দোকানে চুরির ঘটনা ঘটেছে। বুধবার ভোর রাত ছয়টার দিকে শহরের ৩টি গার্মেন্টস ও একটি কাপড়ের দোকানে এই চুরি হয়।

সিসিটিভির ফুটেজে চোরদের দেখা গেলেও তাৎক্ষণিকভাবে শনাক্ত করতে পারেনি স্থানীয় ও পুলিশ । পুলিশ ঘটনাস্থল থেকে সিসিটিভির ফুটেজ সংগ্রহ করেছে।

পৌর শহরের আজিমউদ্দিন সুপার মার্কেটে বিভা লাইফে ১ লাখ ৫০ হাজার

টাকা, শুভেচ্ছা গার্মেন্টসে ৪৫ হাজার টাকা, মামুন কালেকশন থেকে ২৫ হাজার টাকা, সাইজি গেঞ্জি কালেকশন থেকে ৪৫ হাজার টাকা। ৪ টি দোকান থেকে প্রায় আড়াই লক্ষাধিক নগত টাকা ও মালামাল নিয়ে যায়। এছাড়াও দুটি দোকানে সাটার উঁচু করে ভেতরে প্রবেশ করতে না পেরে চলে যায় চোরেরা।

এ বিষয়ে বাজার আলমডাঙ্গা বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন বলেন, বাজারের নাইটগার্ডরা ফজরের আজানের সময় ডিউটি শেষ করে চলে যান। সক্রিয় চোর চক্রের সদস্যরা ভোর ৬ টার দিকে মার্কেটের পিছনের সাটারের তালা ভেঙে প্রবেশ করে।

আলমডাঙ্গা থানার ওসি সাইফুল ইসলাম বলেন, সিসিটিভিতে দেখে বোঝা যায় ছিঁচকে চোরেরা এই চুরির ঘটনা ঘটিয়েছে। সিসিটিভি ফুটেজ ব্যবসায়ী ও কর্মচারীদের দেখানো হবে। ফুটেজ দেখে কেউ তাৎক্ষণিক চোর শনাক্ত করতে পারেনি। যে কোনো মূল্যে চোর ধরার জন্য পুলিশি অভিযান শুরু হয়েছে।

আলমডাঙ্গায় কম্পিউটারের দোকানে চুরির ঘটনায় মালামাল, ৪ শিক্ষার্থী আটক

আলমডাঙ্গায় টেলিকমের দোকানে চুরির ঘটনায় ৪ এসএসসি পরীক্ষার্থী আটক করেছে পুলিশ। গতকাল মঙ্গলবার রাতে পু্লশি উপজেলার হাটবোয়ালিয়া গ্রামে অভিযান চালিয়ে তাদের আটক করে।

এ সময় ওই শিক্ষার্থীদের বাড়ি থেকে উদ্ধার করেছে কম্পিউটারের মনিটরসহ মোবাইল ও দোকানের অন্যান্য মালামাল। আটক ৪ জন হলো হাটবোয়ালিয়া গ্রামের আজমত। উল্লাহ হুদার ছেলে আব্দুল্লাহ আল ফুয়াদ (১৬), একই উপজেলার ফুল বগাদি গ্রামের আব্বাস উদ্দিনের ছেলে রেশাদ আলী (১৭) মেহেরপুর জেলার গাংনি উপজেলার শালদাহ গ্রামের ছায়েদুল ইসলামের ছেলে সুফাইফ হাসান সিজান (১৬), ও নগরবোয়ালিয়া গ্রামের শুকুর আলীর ছেলে সাইফুল ইসলাম শান্ত (২৬)। আটকৃতদের

বিরুদ্ধে চুরির মামলা দায়ের করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার নগরবোয়ালিয়া গ্রামের সোহরাব হোসেনের ছেলে আনিছুর রহমান আলো হাটবোয়ালিয়া বাজারে ‘মুক্তা কম্পিউটার এন্ড মিউজিক পয়েন্ট’ নামের একটি প্রতিষ্ঠান দিয়ে ব্যবসা করেন। গত ১ জানুয়ারী রাতে ওই ব্যবসা প্রতিষ্ঠানের টিন কেটে চুরির ঘটনা ঘটে। চোরেরা কম্পিউটার মনিটর,মোবাইল সেট, হার্ডডিক্স,মেমোরী কার্ড, হেডফোনসহ দোকান থেকে ২ লাখ টাকার বিভিন্ন মালামাল নিয়ে যায়। চুরির বিষয়টি দোকান মালিক পু্লশিকে জানিয়ে পুনরায় মালামাল কিনে ব্যবসা শুরু করেন। একই ভাবে গত ১০ ফেব্রুয়ারী রাতে দোকানের পেছনে সিঁদ কেটে চোরেরা আইপিএস ব্যাটারী, ছোটবড় হেডফোন ৩শ’ পিচ, গ্লাস পেপার,২ হাজার মোবাইল গ্লাস পেপার,ইউপিএস, ৩ টি টাচ মোবাইল সেট,সিসি ক্যামেরাসহ ১ লাখ ২০ হাজার টাকার মালামাল নিয়ে যায়।

পুনরায় চুরির ঘটনা হাটবোয়ালিয়া ক্যাম্পে জানালে ক্যাম্প পুলিশ চোরদের ধরতে তৎপরতা শুরু করে। ২১ ফেব্রুয়ারী রাতে চুরি হওয়া একটি মোবাইল উপজেলার মোড়ভাঙ্গা গ্রামে নানার বাড়িতে থাকা অবস্থায় সুফাইফ হাসান সেজানের কাছ থেকে উদ্ধার করে পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদে সে মোবাইলে দোকানে চুরির ঘটনা স্বীকার করে। তার তথ্যের ভিত্তিতে ওই রাতেই পুলিশ হাটবোয়ালিয়া গ্রাম থেকে আব্দুল্লাহ আল ফুয়াদকে আটক করে। তার বাড়ি থেকে উদ্ধার হয় ৩টি পুরাতন টাচ মোবাইল সেট,৬ টা নষ্ট বাটন ফোন,১টি ইউপিএস,২টি কী- বোর্ড,১টি সিসি ক্যামেরা, ১২টি ব্লুটিথ হেডফোন,৯৩ টি হেডফোন,২টি স্পিকার,২১০টি মোবাইলের ব্যাকপ্যাড,১টি রাউটার,৮টি চার্জার,৭২৩ টি মোবাইলের গ্লাস পেপার,১০ টি চার্জারের মাথাসহ ২ লাখ ১৬ হাজার টাকার মালামাল উদ্ধার করা হয়। পরে ফুয়াদের দেয়া তথ্যের ভিত্তিতে নগরবোয়ালিয়া গ্রামের সাইফুল ইসলাম শান্তকে আটক করে পুলিশ। সেখান থেকে উদ্ধার করা হয় ১৯ ইঞ্চি মনিটর। আটক ৩ জন চুরির ঘটনা স্বীকার করে রেশাদ নামের আরও এক জনের নাম জানায়। রাতেই পুলিশ রেশাদকে আটক করে। আটক ৪ জনই মেরটি স্কুলের ছাত্র এবং এসএসসি পরীক্ষার্থী। চুরির এই ঘটনায় দোকান মালিক বাদী হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করেছেন।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ সাইফুল ইসলাম জানান, চোরাই একটি মোবাইল উদ্ধার ও একজনকে আটকের পর চুরির ঘটনায় জড়িতদের আটক ও তাদের কাছ থেকে চোরাই মালামাল উদ্ধার করা হয়েছে।